



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৬৮.১৮/৬৪৮/৪

তারিখ : ১৬/০৩/২০২১ খ্রি.

বিষয় : সিলেট জেলার জৈন্তাপুর তৈয়ব আলী ডিগ্রি কলেজ এর মোহাম্মদ জহিরুল্লাহ কাইয়ুম, প্রভাষক(ব্যবস্থাপনা) কে তৃতীয় শিক্ষক কোটায় এম.পি.ও ভুক্তির বিষয়ে মতামত প্রদান।

সূত্র : (১) স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৬৮.১৮-৬১৯(২) তারিখ : ২০/০৮/২০২০ খ্রি.  
(২) স্মারক নং জে.টি.ডি.সি/২১-৪ তারিখ : ৩০/০৮/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার জৈন্তাপুর তৈয়ব আলী ডিগ্রি কলেজ এর মোহাম্মদ জহিরুল্লাহ কাইয়ুম, প্রভাষক(ব্যবস্থাপনা) কে তৃতীয় শিক্ষক কোটায় এম.পি.ও ভুক্ত করার জন্য প্রতিষ্ঠান থেকে আবেদন করেন। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৪(খন্ড-১).৩৫৩ তারিখ : ২৮/০৮/২০১৮ খ্রি. পরিপত্র মোতাবেক ০৪.০২.২০১০ তারিখের পূর্বে প্রচলিত বিধি মোতাবেক তৃতীয় শিক্ষক হিসেবে নিয়োগকৃত শিক্ষককে এম.পি.ও ভুক্ত করার সিদ্ধান্ত প্রদান করেন। জনাব মোহাম্মদ জহিরুল্লাহ কাইয়ুম, প্রভাষক(ব্যবস্থাপনা) এর নিয়োগ সংক্রান্ত রেকর্ডপত্র যাচাইপূর্বক উক্ত শিক্ষক স্নাতক(পাস) পর্যায়ে তৃতীয় শিক্ষক হিসেবে নিয়োগ যথাযথ কিনা সে বিষয়ে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য উপপরিচালক(কলেজ) ও সহকারী পরিচালক(কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

তদন্ত কর্মকর্তাগণ নিম্নোক্ত রেকর্ডপত্র যাচাই করবেন :

(ক) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৪(খন্ড-১).৩৫৩ তারিখ : ২৮/০৮/২০১৮ খ্রি. পরিপত্রের শর্ত মোতাবেক জনাব মোহাম্মদ জহিরুল্লাহ কাইয়ুম, প্রভাষক(ব্যবস্থাপনা) ডিগ্রি(পাস) স্তরে তৃতীয় শিক্ষক হিসেবে নিয়োগপ্রাপ্ত কিনা; (খ) নিয়োগ সিদ্ধান্তের গভর্নিং বডি'র রেজুলেশন; (গ) দৈনিক পত্রিকার নিয়োগ বিজ্ঞপ্তি; (ঘ) নিয়োগ পরীক্ষার মূল্যায়নপত্র(সি.এস); (ঙ) নিয়োগদানের জন্য গভর্নিং বডি'র রেজুলেশন; (চ) নিয়োগপত্র ইস্যু রেজিস্ট্রার; (ছ) নিয়োগপত্র ও যোগদানপত্র; (জ) কলেজে দৈনিক উপস্থিতি(যোগদান থেকে); (ঝ) বেতন এ্যাকুইটেশনশীট;

এমতাবস্থায়, প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করে নিয়োগ সংক্রান্ত রেকর্ডপত্র যাচাইপূর্বক তৃতীয় শিক্ষক হিসেবে এম.পি.ও ভুক্তির বিষয়ে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬.৩.২১

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক(কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

(১) উপপরিচালক(কলেজ)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

সিলেট অঞ্চল, সিলেট।

(২) সহকারী পরিচালক(কলেজ)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

সিলেট অঞ্চল, সিলেট।

বিতরণ :

(১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট;

(২) সভাপতি, গভর্নিং বডি, জৈন্তাপুর তৈয়ব আলী ডিগ্রি কলেজ, জৈন্তাপুর, সিলেট;

(৩) অধ্যক্ষ, জৈন্তাপুর তৈয়ব আলী ডিগ্রি কলেজ, জৈন্তাপুর, সিলেট; (তদন্ত কর্মকর্তাকে তদন্তকাজে সার্বিক সহযোগিতার অনুরোধসহ)

(৪) সংরক্ষণ নথি।